গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৩০.২৩- ২৬৭

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগস্ট ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: বদরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়াইনঘাট,সিলেট-এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি পরিবার কল্যাণ সহকারী, লাকী চন্দ, পিতা-গোবিন্দ চন্দ, মাতা- মিনতি চন্দ, গ্রাম-চলিতাবাড়ী পো:-চারুটিকর, উপজেলা-গোয়াইনঘাট সিলেট-এর স্থায়ী ঠিকানা সঠিক না হওয়ার প্রতিবেদন জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করেন। তা সত্বেও জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে তার (লাকী চন্দ) নিয়োগপত্র জারী করা হয়। পরবর্তীতে তার কার্যালয় হতে উক্ত যোগদানপত্র গ্রহণ করা হয়। বিষয়টি তিনি জানা সত্বেও উর্দ্ধতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করেননি;

০২। যেহেতু, উক্ত অপরাধের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৬-০১-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৩০.২৩-১৩ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৭/০৪/২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতবেক "অসদাচরণ"এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৫। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: বদরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়াইনঘাট,-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথি পরীক্ষা করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়। সার্বিক বিষয় বিবেচনা করে জনাব মো: বদরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়াইনঘাট-কে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক লঘুদন্ড হিসেবে 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ কামরুজ্জামান চৌধুরী)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৩০.২৩-

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ);
৩। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ);
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ);
৭। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট; এবং
৮। জনাব মো: বদরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।

০৩/০৮/২৫

(মোছা: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email:disc1@mefwd.gov.bd